তারিখ 25 JAN 2016
পৃঃ কলাম

দৈনিক ইত্তেফাক

# দোহারের শিলাকোঠা হাইস্কুলে শ্রেণিকক্ষের চরম সংকট

■ দোহার-নবাবগঞ্জ (ঢাকা) সংবাদদাতা

দোহার উপজেলার শিলাকোঠা উচ্চ বিদ্যালয়ে শ্রেণিকক্ষের চরম সংকট হওয়ায় খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পাঠ দেয়া হচ্ছে। শীত, বর্ষা ও গরমে আকাশের নিচে ক্লাস করে অসুস্থ হয়ে পড়ছে অনেক শিক্ষার্থী। এতে স্কুল বিমুখও হয়ে পড়ছে তারা।

বিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা জানায়, বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে ৫শ'। এতো শিক্ষার্থীর জন্য আরও ৩ থেকে ৪টি শ্রেণিকক্ষ প্রয়োজন। প্রধান শিক্ষকের জন্য আলাদা কক্ষ নেই। একটি কক্ষে সব শিক্ষকদের বসার স্থান। আবার ওই কক্ষেই শিক্ষা উপকরণ রাখা হচ্ছে। এতো ছাত্র-ছাত্রীর জন্য নগণ্য সংখ্যক শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম চালাতে হিমশিম খেতে হচ্ছে শিক্ষকদের। তাই বাধ্য হয়ে এভাবেই প্রতিদিন ৪ থেকে ৫টি ক্লাস আকাশের নিচে করতে হচ্ছে শিক্ষার্থীদের।

শ্রেণিকক্ষের অভাবে শহীদ মিনারে চলছে পাঠদান। বিদ্যালয়ের পশ্চিম দিকে মুখ করা একতলা ৩ কক্ষবিশিষ্ট একটি পাকা ভবন। উত্তর দিকে মুখ করা টিন-কাঠের আধাপাকা একটি ভবনের ৫টি কক্ষে শিক্ষাদান করা হচ্ছে। মেঘে ঢাকা সূর্যের রশ্মি আর পদ্মাপাড়ের ঠাণ্ডা বাতাস উপেক্ষা করে বিদ্যালয়ের শহীদ মিনারে বসে নবম শ্রেণির শিক্ষার্থীরা কৃষি শিক্ষার ক্লাস করছে। ক্লাস নিচ্ছেন প্রধান শিক্ষক।

প্রধান শিক্ষক মো. আইয়ুব আলী জানান, বিদ্যালয়টি ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর সময়ের সঙ্গে পাল্লা দিয়ে শিক্ষার্থী বাড়লেও বাড়েনি শ্রেণিকক্ষ। তাই বাধ্য হয়ে শিশুদের খোলা আকাশের নিচে পাঠ দিতে হচ্ছে।

দোহার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মুন্নি হোসেন বলেন, বিষয়টি আমার জানা নেই। তবে খোঁজ নিয়ে দেখা হবে।